

নিলাম বিক্রয়ের দরপত্র বিজ্ঞপ্তি

মাননীয় অর্থস্বর্ণ ও যুগ্ম জেলা জজ ওয় আদালত সিলেট।

অর্থস্বর্ণ জারী মোকদ্দমা নং ০৬/২০২৫ ইংরেজী।

(অর্থস্বর্ণ আদালত-২, ঢাকা এর অর্থস্বর্ণ মোকদ্দমা নং ৩৯/২০১৪ইং হইতে উদ্ধৃত)

বেসিক ব্যাংক লিঃ, কারওয়ান বাজার শাখা, ঢাকা।

.....-বাদী/ ডিক্রীদার।

বনাম

- ১। শেখ কামাল উদ্দিন, পিতা: মরহুম সিরাজ উদ্দিন আহমদ, স্বত্বাধিকারী - মেসার্স আল্লার দান ষ্টোন, বর্তমান ঠিকানা- ২৪, গ্রীন কর্ণার, ফ্ল্যাট # বি-২, গ্রীন রোড, ধানমন্ডি, ঢাকা। ব্যবসায়িক ঠিকানা - পারুয়া ব্রীজ, ভোলাগঞ্জ, কোম্পানীগঞ্জ, সিলেট।
- ২। মিসেস তাসমিন আক্তার, স্বামী : শেখ কামাল উদ্দিন, ঠিকানা - ২৪, গ্রীন কর্ণার ফ্ল্যাট বি-২, গ্রীন রোড, ধানমন্ডি, ঢাকা।

..... বিবাদী/দায়ীকান।

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাইতেছে যে, বেসিক ব্যাংক লিঃ, কারওয়ান বাজার শাখা, ঢাকা এর ঋণ গ্রহীতা শেখ কামাল উদ্দিন, স্বত্বাধিকারী মেসার্স আল্লার দান ষ্টোন, সাং- পারুয়া ব্রীজ, ভোলাগঞ্জ, কোম্পানীগঞ্জ, সিলেট এর নিকট ব্যাংকের ৩১.০৭.২০১৪ ইং তারিখের হিসাব মতে আসল, সুদ, আইন ও অন্যান্য খরচ সহ পাওনা মং- ৭,৮৭,৩২,৮৫৬/৩০ (সাত কোটি সাতাশ লক্ষ বত্রিশ হাজার আটশত ছাপান্ন টাকা ত্রিশ পয়সা) টাকা আদায় কল্পে (অর্থস্বর্ণ জারী মোকদ্দমার 'ক ও গ' তফসিলোক্ত) নিম্ন তফসিল বর্ণিত সম্পত্তি (যেখানে যে অবস্থায় আছে সেখানে সে অবস্থায়) নিলাম বিক্রয়ের জন্য নিম্নোক্ত শর্তাদিতে মাননীয় অর্থস্বর্ণ ও যুগ্ম জেলা জজ ওয় আদালতের এজলাসে রক্ষিত নিলামের দরপত্র বাবলে সীলমোহরকৃত দরপত্র আহবান করা যাইতেছে।

সম্পত্তির তফসিল -১ (বন্ধকী সম্পত্তি আরজীর - 'ক' তফসিলোক্ত)

জেলা-সিলেট, উপজেলা ও সাবরেজিস্ট্রি অফিস- কোম্পানীগঞ্জ, মৌজা- 'তৈমুর নগর' স্থিত জে.এল, নং- ৬২, খতিয়ান নং-২৯৪, দাগ নং-০৪, জমির পরিমাণ-৬.২৫ শতক। খতিয়ান নং- ১৩৬, দাগ নং ১৮, জমির পরিমাণ-৫৫ শতক। খতিয়ান নং সাবক ১৫৩, দাগ নং ১৭, জমির পরিমাণ-৩৫ শতক। খতিয়ান নং সাবক -৫৯, দাগ নং- ১৬, জমির পরিমাণ- ৩৩.৫০ শতক। খতিয়ান নং-সাবক ২৯৪, হাল-১০, দাগ নং সাবক-১৪, হাল -১২, জমির পরিমাণ ২২.৫০ শতক। খতিয়ান নং সাবক- ৩৩১, দাগ নং সাবক-১৫, জমির পরিমাণ ২৭ শতক। সর্বমোট মোয়াজী = ১৭৯.২৫ শতক ভূমি ও তদস্থিত ০৩ (তিন) তলা অফিস বিল্ডিং, ০২ (দুই) তলা ফ্যাক্টরী বিল্ডিং, ০২ (দুই) তলা স্টাফদের কোয়ার্টার।

সম্পত্তির তফসিল -২ (বন্ধকী সম্পত্তি আরজীর 'গ' তফসিলোক্ত)

জেলা-সিলেট, উপজেলা ও সাবরেজিস্ট্রি অফিস- কোম্পানীগঞ্জ, মৌজা- 'সমশের নগর' স্থিত জে.এল, নং- ৬৩, খতিয়ান নং-১৮৯, দাগ নং-০৫ ও ০৮, জমির পরিমাণ-৪৮.৫০ শতক ভূমি ও তদস্থিত স্থাপনা। যাহার চৌহদ্দি : উত্তরে আব্দুল খালেক, দক্ষিণে-আব্দুল করিম, পূর্বে - নদী ও পশ্চিমে- হামানা বেগম। খতিয়ান নং -৪৪৯, দাগ নং -০৮, জমির পরিমাণ ১৫ শতক ও তদস্থিত স্থাপনা। যাহার চৌহদ্দি : উত্তরে -আব্দুল খালেক, দক্ষিণে-আব্দুল কাদির, পূর্বে - নদী ও পশ্চিমে- দাগ নং- ০৫ ও আব্দুল খালেক। সর্বমোট মোয়াজী ৬৩.৫০ শতক ভূমি।

নিলামের শর্তাবলী :

- ০১। আগামী ০৩/০৮/২০২৬ ইংরেজী বেলা ১.০০ ঘটিকার মধ্যে মাননীয় অর্থস্বর্ণ ও যুগ্ম জেলা জজ ওয় আদালতের এজলাসে রক্ষিত নিলামের দরপত্র বাবলে দরপত্র জমা দিতে হইবে অথবা রেজিস্ট্রারী ডাকযোগে নির্ধারিত সময়ের মধ্যে পৌছাইতে হইবে এবং ঐ দিনই বিকাল ৩.৩০ ঘটিকার সময় দরপত্র দাতাদের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হইবে।
- ০২। প্রত্যেক দরদাতা উদ্ধৃত দর অনূর্ধ্ব ১০ (দশ লক্ষ) টাকা হইলে উহার ২০%, উদ্ধৃত দর ১০ (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনূর্ধ্ব ৫০ (পঞ্চাশ লক্ষ) টাকা হইলে উহার ১৫%, উদ্ধৃত দর ৫০ (পঞ্চাশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক হইলে উহার ১০% এর সমপরিমাণ টাকা জামানতস্বরূপ, ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার মাননীয় অর্থস্বর্ণ ও যুগ্ম জেলা জজ ওয় আদালতের অনুকূলে দরপত্রের সহিত দাখিল করিবেন।
- ০৩। অনূর্ধ্ব ১০ (দশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৩০ (ত্রিশ) দিবসের মধ্যে, ১০ (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনূর্ধ্ব ৫০ (পঞ্চাশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৬০ (ষাট) দিবসের মধ্যে এবং ৫০ (পঞ্চাশ লক্ষ) টাকার অধিক উদ্ধৃত দর গৃহীত হইবার ৯০ (নব্বই) দিবসের মধ্যে দরপত্রদাতা সমুদয় মূল্য পরিশোধ করিবেন এবং তাহা করিতে ব্যর্থ হইলে ব্যাংক কর্তৃপক্ষ জামানতের টাকা বাজেয়াপ্ত করিতে পারিবেন।
- ০৪। দরপত্র গৃহীত হইবার ১০ (দশ) দিবসের পর লিখিত আবেদনের মাধ্যমে অসফল দরপত্র দাতার জামানত ফেরৎ দেয়া হইবে।
- ০৫। কম জামানত প্রদানকারীর দরপত্র/ ক্রটিপূর্ণ দরপত্র সরাসরি বাতিল হইবে।
- ০৬। দরপত্রে প্রদত্ত সম্পত্তির প্রস্তাবকৃত মূল্য অস্বাভাবিক ভাবে অপর্যাপ্ত বা কম প্রতীয়মান হইলে কিংবা অন্য কোন কারণে গ্রহণযোগ্য না হইলে আদালত দরপত্র প্রস্তাব বাতিল করিতে পারিবেন।
- ০৭। উপরোক্ত অনুচ্ছেদ ৩(তিন) এর অধীনে জামানত বাজেয়াপ্ত হইলে বাজেয়াপ্তকৃত অর্থ এবং দ্বিতীয় সর্বোচ্চ দরদাতার দরপত্রের মূল্য সর্বোচ্চ দরদাতার দরপত্রের মূল্য সর্বোচ্চ দরদাতা আহৃত হইবার পরবর্তী ১০ (দশ) দিনের মধ্যে সম্পূর্ণ মূল্য পরিশোধ করিবেন এবং তাহা করিতে ব্যর্থ হইলে তাহার জামানত বাজেয়াপ্ত হইবে এবং জামানতের উক্ত অর্থ দাবীকৃত টাকার সহিত সমন্বয় করা হইবে।
- ০৮। কোন কারণ দর্শানো ব্যতিরেকে সর্বোচ্চ বা যে কোন দরপত্র গ্রহণ ও বাতিল করার ক্ষমতা/ অধিকার আদালত সংরক্ষণ করেন। অধিকন্তু আদালত দরপত্র অংশগ্রহণকারী যে কোন দরদাতার সঙ্গে দরবৃদ্ধির নিমিত্তে নেগোসিয়েশনের অধিকার সংরক্ষণ করেন।
- ০৯। কৃতকার্য দরদাতার অনুকূলে শর্তপালন সাপেক্ষে তফসিল বর্ণিত সম্পত্তির দখল আদালত কর্তৃক হস্তান্তর করা হইবে। প্রয়োজনে অর্থস্বর্ণ আদালত আইন ২০০৩ এর বিধান মোতাবেক হস্তান্তরের ব্যবস্থা গ্রহণ করা হইবে।
- ১০। সম্পত্তি রেজিস্ট্রেশন সংক্রান্ত যাবতীয় খরচ এবং ক্রয়কৃত সম্পত্তির ট্যাক্স সহ অন্যান্য যাবতীয় খরচ ক্রেতাকে বহন করিতে হইবে।
- ১১। উল্লেখিত নিয়মে ও নির্ধারিত সময়ের মধ্যে দরপত্র দাতা দরপত্র মূল্যের সমুদয় টাকা প্রদানে ব্যর্থ হইলে তফসিল বর্ণিত সম্পত্তি পুনরায় বিক্রয়যোগ্য হইবে।
- ১২। সর্বোচ্চ/ গৃহীত দরদাতা দরপত্রের শর্তানুযায়ী অর্থ পরিশোধে ব্যর্থ হইলে, আদালত পরবর্তী দরপত্র দাতার দরপত্র গ্রহণযোগ্য হইলে বিবেচনা করিতে পারিবেন।
- ১৩। দরপত্রের মাধ্যমে নিলাম ডাকে আগ্রহী ব্যক্তিগণ বিস্তারিত তথ্য অবগত হইবার জন্য ডিক্রীদার ব্যাংকের সংশ্লিষ্ট শাখায় সরাসরি যোগাযোগ করিতে পারিবেন এবং তফসিল বর্ণিত সম্পত্তি পরিদর্শন করিতে পারিবেন।
- ১৪। তফসিল বর্ণিত সম্পত্তির উপর কোন সরকারী, আধা সরকারী বা স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের, সিটি কর্পোরেশন, পৌরসভা, ইউনিয়ন পরিষদ, ওয়াসা, বিদ্যুৎ কর্তৃপক্ষ, গ্যাস কর্তৃপক্ষ, ভূমিকর, ভূমি উন্নয়ন কর ইত্যাদিসহ যে কোন পাওনাদারের পাওনা বা দাবী থাকিলে তাহা পরিশোধের দায়িত্ব আদালতের উপর বর্তাইবে না।
- ১৫। শর্ত বহির্ভূত কোন সমস্যার উদ্ভব হইলে আদালতের সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।

অদ্য ২১/০৬/২০২৬ ইং তারিখে আমার স্বাক্ষর ও আদালতের মোহরযুক্তমতে দেওয়া গেল।

অনুমত্যানুসারে, সেরেস্তাদার, যুগ্ম জেলা জজ ওয় আদালত সিলেট।

দৈনিক বাংলা ও দৈনিক উত্তরপূর্ব
প্রকাশ তারিখ: ১০.০৭.২০২৬